

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জ্বদ) সালাত সম্পর্কে

باب فِي صَلَاةِ اللَّيْلِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بُنُ عِيسَى، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخُبَرَنَا حُصَيْنٌ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِت، ح وَحَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْل، عَنْ حُصَيْن، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِت، عَنْ مُحَمَّد بْنِ عَلِيّ بْنِ عَبْد اللهِ بْنِ عَبَّاسٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، : أَنَّهُ رَقَدَ عَبْدَ اللهِ بْنِ عَبْاسٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، : أَنَّهُ رَقَدَ عَبْدَ اللهِ بْنِ عَبْلِسٍ عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، : أَنَّهُ رَقَدَ عِبْدَ اللهِ بْنِ عَبْلِسٍ عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَاسٍ، : أَنَّهُ رَقَدَ عَنْدَ اللهِ عليه وسلم فَرَآهُ استَيْقَظَ فَتَسَوَّكَ وَتَوَضَّأَ وَهُو يَقُولُ : (إِنَّ فِي خَلْقِ عِنْدَ اللهَّمُواتِ وَاللَّرْضِ) حَتَّى خَتَمَ السُّورَة، ثُمَّ قَامَ هَصَلَّى رَكْعَتَيْنِ أَطَالَ فِيهِمَا الْقِيَامَ وَاللرَّكُوعَ وَالسُّجُود، ثُمَّ إِنَّهُ انْصَرَفَ فَنَامَ حَتَّى نَفَخَ، ثُمَّ فَعَلَ ذَلِكَ ثَلَاثَ مَرَّات بِسِت رَكَعَات، كُلُّ ذَلِكَ يَسْتَاكُ ثُمَّ يَتَوَضَّأُ وَيَقُرَأُ هَوْلَاءِ الآيَات، ثُمَّ أَوْتَرَ وَاللَ عُثْمَانُ : بِثَلَاثِ رَكَعَات، فَأَتَاهُ الْمُؤَدِّنُ فَخَرَجَ إِلَى الصَّلَاةِ \_ وَقَالَ ابْنُ عِيسَى : ثُمَّ أَوْتَرَ فَأَتَاهُ بِلَالٌ فَآذَنَهُ رَكَعَات، فَأَتَاهُ الْمُؤَدِّنُ فَخَرَجَ إِلَى الصَّلَاةِ \_ وَقَالَ ابْنُ عِيسَى : ثُمَّ أَوْتَلَ فَأَتَاهُ بِلَالٌ فَآذَنَهُ بِالسَّيَا فَرَاء وَاجْعَلْ فِي سَمْعِي نُورًا، وَاجْعَلْ فِي بَصَرِي نُورًا، اللَّهُمُّ وَأَعْظِمْ لِى نُورًا، وَأَجْعَلْ فِي لِسَانِي نُورًا، وَاجْعَلْ مِنْ فَوْقِي نُورًا، وَمُرَّا ، وَاجْعَلْ فِي بَصَرِي نُورًا، اللَّهُمُّ وَأَعْظِمْ لِى نُورًا، وَأَجْعَلْ فِي أَلَا وَأَمَامِي نُورًا، وَاجْعَلْ مِنْ فَوْقِي نُورًا، وَاجْعَلْ مِنْ فَوْقِي نُورًا، وَاجْعَلْ مِنْ فَوْقِي نُورًا، وَاجْعَلْ مَنْ فَوْقِي نُورًا، وَاجْعَلْ مَلْ مَنْ فَوْقِي نُورًا، وَامْ اللهُ الْمَامِي نُورًا، وَالْمَامِي نُورًا، وَالْمَامِي نُورًا، وَالْمَامِي أَلْمُ

\_ صحیح : م

#### বাংলা

১৩৫৩। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। একদা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ঘুমালেন। অতঃপর তিনি দেখলেন যে, তিনি ঘুম থেকে জেগে মিসওয়াক করে অযু সেরে আল্লাহর এ বাণী তিলাওয়াত করলেনঃ 'ইয়া ফি খালকিস সামাওয়াতি ওয়াল আরদি' সূরাহ আল 'ইমরানের শেষ আয়াত পর্যন্ত।



তারপর উঠে দু' রাক'আত সালাত আদায় করলেন। সালাতের কিয়াম, রুকূ' ও সিজদা্ খুব দীর্ঘায়িত করলেন। অতঃপর সালাত শেষে তিনি নাক ডেকে ঘুমাতে লাগলেন। এরূপে তিনবারে ছয় রাক'আত আদায় করলেন এবং প্রতিবারই মিসওয়াক করে অযু সেরে উক্ত আয়াতগুলো তিলাওয়াত করলেন। সবশেষে বিতর পড়লেন।

বর্ণনাকারী 'উসমান বলেন, তিনি বিতর সালাত তিন রাক'আত আদায় করেছেন। অতঃপর মুয়াযযিন এলে তিনি মসজিদে চলে গেলেন। ইবনু ঈসা বলেন, তিনি বিতর করলেন, অতঃপর ফজরের আবির্ভাব হলে বিলাল (রাঃ) এসে তাঁকে সালাতের সংবাদ দিলেন। তিনি ফজরের দু' রাক'আত সুন্নাত আদায়ের পর মসজিদে যান এবং এ দু'আ পাঠ করেনঃ ''হে আল্লাহ! আমার অন্তরে নূর দাও, আমার জবানে নূর দাও, আমার কানে নূর দাও, আমার চোখে নূর দাও, নূর দান করো আমার পেছন ও সম্মুখভাগে এবং আমার উপরে ও নীচে। হে আল্লাহ! আমাকে পর্যাপ্ত নূর দান করো''।[1]

সহীহ: মুসলিম।

## **English**

'Abd Allah b. 'Abbas said that he slept with the Prophet (ﷺ). He saw that he (the Prophet) awoke, used tooth-stick, performed ablution, and recited: "In the creation of the heavens and earth" [3:190] to the end of the surah. Then he stood up and prayed two rak'ahs in which he prolonged the standing, bowing, and prostrations. He then uttered turned away and slept till he bagan to snore. This he did three times. This made six rak'ahs in all. He would use tooth-stick, then perform ablution, and recite those verses. He then observed the witr prayer. The version of 'Uthman has: with three rak'ahs. The mu'adhdhin then came to him and he went out for prayer. The version of Ibn 'Isa adds: He then observed witr prayer; then Bilal came to him and called him for prayer when the dawn broke. He then prayed the two rak'ahs of the dawn prayer. He then went out for prayer. Then both the narrators were agreed: He beagan to supplicate saying: O Allah, place light in my heart, light in my tongue, light in my hearing, light in my eyesight, light on my right hand, light on my left hand, light in front of me, light behing me, light below me, O Allah, give me abundant light.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ রাতের সালাত ও কিয়ামের দু'আ), নাসায়ী (অধ্যায় : কিয়ামুল লাইল, হাঃ ১৭০৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন